



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

বরিশাল জেলার ছাত্রীদের জন্য শিক্ষা উপবৃত্তির বিজ্ঞপ্তি

তারিখ: ১৮/০২/২০১৬ইং।

২০১৫-২০১৬ অর্থ বছরে বরিশাল জেলা পরিষদের নিজস্ব তহবিল হতে এ জেলার গরীব ও মেধাবী ছাত্রীগণ যারা ২০১৫ সালে এইচ,এস,সি অথবা সমমানের পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়ে বর্তমানে অত্র শিক্ষা প্রতিষ্ঠানে (২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে) অধ্যয়নরত রয়েছে তাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন শিক্ষা বৃত্তি প্রদানের জন্য বরিশাল জেলা পরিষদের নির্ধারিত ফরমে দরখাস্ত করার জন্য বলা হলো।

শর্তাবলী :

- ১। আবেদনকারী ছাত্রীদের অবশ্যই বরিশাল জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। যে সকল ছাত্রীর অভিভাবকের বার্ষিক আয় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার নিম্নে শুধু তারা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।
- ৩। স্নাতক পর্যায়ে অধ্যয়নরত ছাত্রীদের ক্ষেত্রে ২০১৫ সনে এইচ.এস. সি /সমমানের পরীক্ষায় বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগে জিপিএ-৫ থাকতে হবে।
- ৪। মুক্তিযোদ্ধা সন্তান/ পোষ্য ও প্রতিবন্ধী প্রার্থীদের সর্বক্ষেত্রে নূন্যতম জিপিএ ৪.৫০ থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান/ পোষ্যদের ক্ষেত্রে কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং প্রতিবন্ধীদের সংশ্লিষ্ট সমাজ সেবা অফিস হতে সংগৃহীত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ৫। অফিস চলাকালীন সময়ে জেলা পরিষদ বরিশাল কার্যালয়/বরিশাল জেলার সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় হতে বিনামূল্যে বৃত্তির ফরম সংগ্রহ করা যাবে।
- ৬। আবেদনকারীকে স্ব-হস্তে আবেদন ফরম পূরন করতে হবে।
- ৭। আবেদন ফরমের সাথে অবশ্যই নিম্ন বর্ণিত কাগজ-পত্র দাখিল করতে হবেঃ-
 - (ক) এস,এস,সি/এইচ,এস,সি অথবা সমমানের পরীক্ষার(ক্ষেত্রমত) মূল সনদপত্র ও নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি ছবি যা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে।
 - (খ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত আবেদনকারীর জন্ম সনদ পত্রের সত্যায়িত কপি।
 - (গ) পৌর সভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ অফিস প্রধান (চাকুরীজীবীদের ক্ষেত্রে) কর্তৃক প্রদত্ত অভিভাবকের বার্ষিক আয়ের সনদ পত্র।
 - (ঘ) বরিশাল জেলার স্থায়ী বাসিন্দা মর্মে নাগরিকত্ব সনদ ও বর্তমানে অধ্যয়নরত বিভাগের প্রত্যয়নপত্র।
- ৮। বৃত্তির ফরম সঠিকভাবে পূরন করে স্ব-স্ব বিভাগের বিভাগীয় প্রধানের সুপারিশসহ আগামী ৩১/০৩/২০১৬ তারিখের মধ্যে সরাসরি/ ডাকযোগে বরিশাল জেলা পরিষদ কার্যালয়ে/ স্ব-স্ব উপজেলার উপজেলা নির্বাহী অফিসার-এর কার্যালয় জমা প্রদান করতে হবে।
- ৯। প্রয়োজনে বিস্তারিত তথ্যাদি, বৃত্তির ফরম জেলা পরিষদ,বরিশাল কার্যালয় থেকে জানা যাবে।
- ১০। আবেদন পত্র পাঠানোর ঠিকানা - প্রাপক, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,বরিশাল।
- ১১। আবেদনপত্রটি ইডেন ফটোকপির দোকানে পাওয়া যাবে।

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

১৮/০২/১৬